# বাংলাদেশ পর্যটন পুরস্কার ২০২৬ (Bangladesh Tourism Award 2026)

বাংলাদেশের পর্যটন শিল্পের টেকসই উন্নয়ন, সেবার মানোন্নয়ন, উদ্ভাবন, ডিজিটাল রূপান্তর, স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণ, নারী ও তরুণ উদ্যোক্তাদের উৎসাহিতকরণ এবং পরিবেশ ও সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণে গুরুত্বপূর্ণ অবদান রাখা ব্যক্তি, প্রতিষ্ঠান, উদ্যোক্তা ও পর্যটন উদ্যোগকে স্বীকৃতি প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় কর্তৃক বিশ্ব পর্যটন দিবস ২০২৬ উপলক্ষ্যে **"বাংলাদেশ পর্যটন পুরস্কার ২০২৬" (Bangladesh Tourism Award 2026)** প্রদান করা হবে। পর্যটন শিল্পে উৎকর্ষ, দায়িত্বশীলতা ও উদ্ভাবনের দৃষ্টান্ত স্থাপনকারী উদ্যোগসমূহকে জাতীয় পর্যায়ে স্বীকৃতি প্রদান, টেকসই পর্যটন শিল্প গঠন ও প্রচার এবং অন্যান্য পর্যটন উদ্যোক্তা ও অংশীজনদেরকে অনুপ্রাণিত করাই এ পুরস্কারের মূল উদ্দেশ্য।

পর্যটন পুরস্কার ১২ টি ক্যাটাগরিতে পর্যটন শিল্পে নিয়োজিত অংশীজনদের মধ্যে প্রদান করা হবে। এ উদ্যোগে পর্যটন শিল্পে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান, স্থানীয় কমিনিউটি, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক প্রণীত নির্ধারিত ফর্মের (https://forms.gle/etEHu1Gj1k1kkiVLA) মাধ্যেমে মনোনয়ন করতে পারবেন। একজন অংশীজন যেকোন একটি ক্যাটাগরিতে মনোনয়ন করতে পারবেন। প্রাপ্ত আবেদনসমূহ ক্যাটাগরিভিত্তিক গঠিত জুরী বোর্ড এর মাধ্যমে নির্ধারিত শর্তের আলোকে মুল্যায়ন করা হবে। মনোনয়নফর্মসহ পর্যটন পুরস্কারের বিস্তারিত বাংলাদেশ ট্যুরিজম বোর্ড এর ওয়েবসাইট (www.tourismboard.gov.bd) ও জাতীয় দৈনিক পত্রিকায় পাওয়া যাবে। বিজ্ঞপ্তিতে সন্নিবেশিত কিউআর কোড স্কানের মাধ্যমেও মনোনয়নসম্পন্ন করা যাবে।

| | |
|---|---|
| **পুরস্কারের নাম** | "বাংলাদেশ পর্যটন পুরস্কার ২০২৬" (Bangladesh Tourism Award 2026) |
| **পুরস্কার ক্যাটাগরি** | ১। বর্ষসেরা টেকসই পর্যটন উদ্যোগ |
| | ২। বর্ষসেরা হোটেল/রিসোর্ট |
| | ৩। বর্ষসেরা ট্যুর অপারেটর |
| | ৪। বর্ষসেরা বিনোদন পার্ক |
| | ৫। বর্ষসেরা তরুন পর্যটন উদ্যোক্তা |
| | ৬। বর্ষসেরা হোমস্টে |
| | ৭। বর্ষসেরা ট্যুরিজম কনটেন্ট ক্রিয়েটার |
| | ৮। বর্ষসেরা পর্যটন প্রযুক্তিবিষয়ক উদ্যোগ |
| | ৯। বর্ষসেরা পর্যটন নারী উদ্যোক্তা |
| | ১০। বর্ষসেরা ট্যুরিস্ট ভেসেল |
| | ১১। বর্ষসেরা ট্যুর গাইড |
| | ১২। বর্ষসেরা মাইস উদ্যোগ |
| | |
| **আবেদনের সময়সীমা** | ২৬ আগষ্ট থেকে ০৯ সেপ্টেম্বর ২০২৬ |
| **পুরস্কার প্রদানের স্থান ও সময়** | বাংলাদেশ চীন মৈত্রী সম্মেলন কেন্দ্র<br>২৭ সেপ্টেম্বর ২০২৬ |

**পুরস্কারের অংশগ্রহণের সাধারণ শর্তাবলি:**

- মনোনয়ন প্রদানকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান ও স্থানীয় কমিনিউটিকে বাংলাদেশে বৈধভাবে পুরস্কারের ক্যাটাগরিভিত্তিক পর্যটন সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা করতে হবে
- প্রতিটি ক্যাটাগরিতে একটিমাত্র মনোনয়ন প্রদান করা যাবে। একাধিক মনোনয়ন প্রদানকারী ব্যক্তি বা প্রতিষ্টানের মনোনয়ন বিবেচনা করা হবে না
- প্রতিটি ক্যাটাগরিতে একটি মাত্র পুরস্কার প্রদান করা হবে। একই ব্যক্তি বা প্রতিষ্ঠান একাধিক ক্যাটাগরিতে পুরস্কারের জন্য বিবেচিত হবে না তবে টেকসই পর্যটন উদ্যোগ ও পর্যটন প্রযুক্তিবিষয়ক উদ্যোগ ক্যাটাগরির জন্য এ শর্ত শিথীল থাকবে
- মনোনয়ন ফর্মটি যথাযথভাবে পুরণ করে বাংলাদেশ ট্যুরিজম বোর্ডে প্রেরণ করতে হবে। মনোনয়ন ফর্মের সাথে নিম্নবর্ণিত ডকুমেন্টস অবশ্যই প্রেরণ করতে হবে
  ক) আবেদনকারীর এক কপি পাসপোর্ট সাইজের ছবি
  খ) হালনাগাদ ট্রেড লাইসেন্সের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)
  গ) টিন সার্টিফিকেট ও আয়কর পরিশোধের সনদ
  ঘ) আবেদনকারীর জাতীয় পরিচয় পত্র
  ঙ) কোম্পানি প্রতিষ্ঠানের ক্ষেত্রে সর্বশেষ দুই (২) বছরের নিরীক্ষা প্রতিবেদন
  চ) ক্যাটাগরিভিত্তিক আইনগত সনদপত্র (যেমন: নিবন্ধন সনদ, লাইসেন্স, ফায়ার লাইসেন্স, পরিবেশগত ছাড়পত্র, আইএসও সনদ ইত্যাদি)
  ছ) আবেদনকারী প্রতিষ্ঠান বা উদ্যোগের ছবি বা ভিডিও (যদি থাকে)
- কোনো গুরুতর আইনভঙ্গ, প্রতারণা, পর্যটক হয়রানি, নিরাপত্তা লঙ্ঘন, ঋন খেলাপী, কর খেলাপী বা পরিবেশগত অপরাধের বিষয়ে প্রমাণিত অভিযোগ থাকলে মনোনয়ন বিবেচনা করা হবে না
- পর্যটনে তরুন উদ্যোক্তা ও ট্যুরিজম বিষয়ক কনটেন্ট ক্রিয়েটর ব্যতিরেকে অন্যান্য কাটাগরির ক্ষেত্রে ব্যবসা বা উদ্যাগকে অন্তত দুই (২) বছর চালু থাকতে হবে
- যে উদ্যোগের ভিত্তিতে পুরস্কারের মনোনয়ন করা হবে সেটি মনোনয়ন দাখিলের সময় বাস্তবে কার্যকর থাকতে হবে
- প্রাপ্ত মনোনয়নসমূহ যাচাই বাছাইয়ের জন্য ক্যাটাগরিভিত্তিক জুরি বোর্ড গঠন করা হবে। জুরি বোর্ড কর্তৃক নির্ধারিত মূল্যায়ন শর্তাবলী ও নির্ধারিত নম্বরের ভিত্তিতে ক্যাটাগরিভিত্তিক সেরা মনোনয়ন নির্বাচন করা হবে। জুরি বোর্ড প্রয়োজনের নিরীখে মনোনয়নকৃত উদ্যোগ বা প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন ও অনুসন্ধান করতে পারবে। এছাড়াও নির্বাচিত সেরা মনোনয়ন উদ্যোগ বা প্রতিষ্ঠানের উপর সাক্ষাতকার, ডকুমেন্টারি প্রস্তুত করা হবে।
- বাংলাদেশ ট্যুরিজম বোর্ড সুনির্দিষ্ট কারন-দর্শাও ব্যতিরেকে যেকোন সময় বাংলাদেশ পর্যটন পুরস্কার ২০২৬ প্রক্রিয়াটি সম্পূর্ণ বাতিল কিংবা আংশিক পরিবর্তন, পরিমার্জন, পরিবর্ধন, ও সংশোধনের অধিকার সংরক্ষণ করে। এছাড়া বাংলাদেশ ট্যুরিজম বোর্ড সুনির্দিষ্ট কারনে যেকোন একটি বা একাধিক কিংবা সকল আবেদন বাতিল করার অধিকার সংরক্ষন করে।
- পুরস্কার প্রদানের বিষয়ে কমিটি কর্তৃক নির্ধারিত জুরি বোর্ড এর নির্বাচিত সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে